

(This question paper contains 3 printed pages)

Roll No.

Sl. No of Question Paper: 239

Unique Paper Code: 208136

Name of the Paper: Functional Grammar & Skill in Language use

Name of the Course: B. A. (Prog.) Bengali-C
Semester: I

D

Duration : 3 hours

Max. Marks : 75

1. নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন কর (যে কোন ২০ টি)

20 x 2 = 40

ক) আমি যাব না (কর্তৃ থেকে ভাববাচ্যে)

খ) আর কিছু দেখা গেল না (ভাব থেকে কর্তৃবাচ্যে)

গ) সে ভাত খেয়েছে (কর্তৃ থেকে কর্মবাচ্যে)

ঘ) যাদের ধন আছে, তারা অহঙ্কারী হয় (সরলবাক্যে রূপান্তরিত কর)

ঙ) সকালে বৃষ্টি হচ্ছে বলে আমি স্কুলে যাইনি (যৌগিকবাক্যে রূপান্তরিত কর)

চ) বেশি অহঙ্কার করলে পতন সুনিশ্চিত (জটিলবাক্যে রূপান্তরিত কর)

ছ) যে মানুষ মুর্থ, তার জীবন বৃথা (সরলবাক্যে রূপান্তরিত কর)

জ) এমন কথা বলা অনুচিত (প্রশ্নবোধকবাক্যে রূপান্তরিত কর)

ঝ) রবীন্দ্রনাথের নাম সকলে জানে (নঞর্থকবাক্যে রূপান্তরিত কর)

ঞ) ভুল কার না হয়? (সদর্থকবাক্যে রূপান্তরিত কর)

ট) রাতটা খুব ভয়ানক (বিস্ময়বোধকবাক্যে রূপান্তরিত কর)

ঠ) কি মিষ্টি গলা! (নির্দেশাত্মকবাক্যে রূপান্তরিত কর)

- ড) সে নিশ্চয় আসবে (নক্রর্থকবাক্যে রূপান্তরিত কর)
- ঢ) স্বাধীনতা সবার দরকার (প্রশ্নবোধকবাক্যে রূপান্তরিত কর)
- ণ) ধনী হয়েও সে দরিদ্রকে সাহায্য করে না (যৌগিকবাক্যে রূপান্তরিত কর)
- ত) যে চুরী করবে, সে শাস্তি পাবে (সরলবাক্যে রূপান্তরিত কর)
- থ) তুমি কিছুই জানো না (সদর্থকবাক্যে রূপান্তরিত কর)
- দ) দরকারে শত্রুকেও বন্ধু বানাতে হয় (প্রশ্নবোধকবাক্যে রূপান্তরিত কর)
- ধ) স্টেশনে পৌঁছানো মাত্র ট্রেন ছেড়ে গেল (জটিলবাক্যে রূপান্তরিত কর)
- ন) দরিদ্র হলেও রাম সৎ (যৌগিকবাক্যে রূপান্তরিত কর)
- প) সে গান গায় (কর্তৃ থেকে কর্মবাচ্যে)
- ফ) খুব কম লোক ধর্মের প্রকৃত অর্থ বোঝে (নক্রর্থকবাক্যে রূপান্তরিত কর)

2. তোমার মা খুব অসুস্থ -তা জানিয়ে বিদেশে বাবাকে একটা চিঠি লেখ।

15

অথবা

হোস্টেলে থকতে তোমার কেমন লাগছে, সেই অভিজ্ঞতার কথা জানিয়ে বন্ধুকে একটা চিঠি লেখ।

3. নিম্নলিখিত অনুচ্ছেদটি পাঠ করে প্রশ্নগুলির উত্তর দাও

5 x 3 = 15

প্রতি বছর মরশুম শুরু আগে ক্লাবের মেম্বারদের নিয়ে একটা ম্যাচ হয়। নেহাতই এলেবেলে ধরণের খেলা। ক্লাবের প্রেসিডেন্ট একদলের ক্যাপ্টেন, অন্যদলের ননীদা। যাদের দক্ষিণে ক্লাব চলে তাদের খুশি করার জন্যই খেলাটা হয়। সেদিন লাঞ্চটাও হয় একটু বিশেষ রকমের। সদস্যদের বাড়ির বউ মেয়েরাও খলা দেখতে আসে। এবারের প্রেসিডেন্ট চাঁদমোহন শ্রীমানী নাকি এককালে ক্রিকেট খেলতেন বলে জানিয়েছেন। চিনি, মাছ আর ঘি,- এর ব্যবসা তার। রেশনের আর কাপড়ের দোকানও গুটি কয়েক আছে।

ক) প্রতি বছর মরশুম শুরু আগে কাদের নিয়ে ম্যাচ হয়?

খ) দলের ক্যাপ্টেন কারা কারা?

গ) কাদের খুশি করার জন্য খেলাটা হয়?

ঘ) ক্লাবের প্রেসিডেন্টের নাম কি?

ঙ) প্রেসিডেন্টের কিসের ব্যবসা আছে?

4. বিপরীতার্থক শব্দ লেখ (যে কোনও ৫ টি)

5

আদি, আরম্ভ, যোগ, সাদা, সুখ, উত্তম, আসল, আলো।